السنّة النبوية وعلومها
www.sunnah.global

“আল্লাহর কাছে অধিকতর প্রিয় বাক্য চারটি : سُبْحَانَ اللَّهِ (আল্লাহ নিষ্কলুষ পবিত্র), وَالْحَمْدُ لِلَّهِ (যাবতীয় প্রশংসা আল্লাহর) وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ (এক আল্লাহ ব্যতীত কোন সত্য মাবূদ নেই) এবং اللَّهُ أَكْبَرُ (আল্লাহ সর্বমহান)। এগুলোর যে কোনটি দিয়ে তুমি শুরু কর, তাতে তোমার কোন ক্ষতি নেই।”

সামুরা ইবনু জুনদুব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “আল্লাহর কাছে অধিকতর প্রিয় বাক্য চারটি : سُبْحَانَ اللّٰهِ (আল্লাহ নিষ্কলুষ পবিত্র), وَالْحَمْدُ لِلّٰهِ (যাবতীয় প্রশংসা আল্লাহর) وَلاَ إِلَهَ إِلاَّ اللّٰهُ (এক আল্লাহ ব্যতীত কোন সত্য মাবূদ নেই) এবং اللّٰهُ أَكْبَرُ (আল্লাহ সর্বমহান)। এগুলোর যে কোনটি দিয়ে তুমি শুরু কর, তাতে তোমার কোন ক্ষতি নেই।”

[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে আল্লাহর নিকট অতি প্রিয় চারটি বাক্য সম্পর্কে বর্ণনা করেছেন। সুবহানাল্লাহ (سُبْحَانَ اللّٰهِ): অর্থাৎ আল্লাহ সমস্ত দোষ-ত্রুটি অসম্পূর্ণতা থেকে নিষ্কলুষ পবিত্র। আলহামদুলিল্লাহ (وَالْحَمْدُ لِلّٰهِ): সকল প্রশংসা আল্লাহর। এটি আল্লাহর ভালোবাসা ও বড়ত্ব সহকারে তাঁর পূর্ণতা ও স্বয়ংসম্পূর্ণতার গুণ। লা ইলাহা ইল্লাল্লাহ (وَلاَ إِلَهَ إِلاَّ اللّٰهُ): অর্থাৎ এক আল্লাহ ব্যতীত আর কোন সত্য মাবূদ নেই। এবং আল্লাহু আকবর (اللّٰهُ أَكْبَرُ): অর্থাৎ আল্লাহ সর্বশ্রেষ্ঠ ও সবকিছুর চেয়ে সম্মানিত, মহান। এগুলোর যে কোনটি দিয়ে শুরু করলেই এর সাওয়াব অর্জিত হবে, উচ্চারণের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখা জরুরী নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5475

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee